গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাজেট শাখা
www.rthd.gov.bd

## বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) এর সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এম, এ, এন, ছিদ্দিক<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় |
| তারিখ | : | ০১.০১.২০১৫ খ্রিষ্টাব্দ |
| সময় | : | ২.০০ ঘটিকা |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুরোধে যুগ্মসচিব (বাজেট) আলোচ্যসূচী অনুসারে প্রস্তাবসমূহ সভায় উপস্থাপন করেন। সভায় এ বিভাগের ২০১৪-১৫ অর্থবছরের অনুন্নয়ন বাজেটের সংশোধন প্রস্তাবসমূহ পর্যায়ক্রমে আলোচনা করা হয় এবং তদানুযায়ী সিদ্ধান্ত গৃহীত হয়।

**ক) সংশোধিত রাজস্ব প্রাপ্তিঃ**

সড়ক ও জনপথ অধিদপ্তর মূল বাজেটের অংক অপরিবর্তিত রেখে রাজস্ব প্রাপ্তির সংশোধিত প্রস্তাব পেশ করেছে। কিন্তু বিআরটিএ মূল বাজেটের চেয়ে ১ কোটি ৪৬ লক্ষ টাকা হ্রাস করে সংশোধিত রাজস্ব প্রাপ্তির প্রস্তাব পেশ করেছে। বিআরটিএ'র পরিচালক (প্রশাসন) সভায় বলেন যে বিগত কয়েক বছর ধরে গাড়ী রেজিস্ট্রেশন কার্যক্রম আনুপাতিক হারে কমে যাচ্ছে ফলে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয় না। তাই সংশোধিত বাজেটে রাজস্ব প্রাপ্তি হ্রাস করার প্রস্তাব দেওয়া হয়েছে। সভাপতি বলেন যে এ মুহূর্তে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা কমানো সমীচীন হবেনা। তিনি সওজ অধিদপ্তরের নতুন টোল নীতিমালা কার্যকর হবে বিধায় বিআরটিএ'র মূল বাজেটের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা হতে ৪৬ কোটি টাকা হ্রাস করে সড়ক ও জনপথ অধিদপ্তরের লক্ষ্যমাত্রার সাথে যোগ করার জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়া, উপসচিব (বাজেট ও অডিট) জানান যে, সচিবালয়ে কোন সুনির্দিষ্ট রাজস্ব প্রাপ্তির খাত নেই বিধায় লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়না। তিনি রাজস্ব প্রাপ্তির সংশোধিত লক্ষ্যমাত্রা উপস্থাপন করেন।

**সিদ্ধান্তঃ**

২০১৪-১৫ অর্থবছরের সংশোধিত রাজস্ব প্রাপ্তি লক্ষ্যমাত্রা সড়ক পরিহন ও মহাসড়ক বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থা/কর্তৃপক্ষের অনুকূলে নিম্নোক্তভাবে পুন:বিভাজন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**রাজস্ব প্রাপ্তি ২০১৪-১৫**

(অংকসমূহ হাজার টাকায়)

| ক্রমিক নং | অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা | বাজেট ২০১৪-১৫ | সংশোধিত বাজেট ২০১৪-১৫ |
|---|---|---|---|
| ০১। | সচিবালয় | ৪২,৫৪ | ১২,১৪ |
| ০২। | সড়ক ও জনপথ অধিদপ্তর | ৫৬৩,৯৯,৮৮ | ৬০৯,৯৯,৮৮ |
| ০৩। | বিআরটিএ | ১২৪৯,০৯,৫৩ | ১২০৩,০৯,৫৩ |
| ০৫। | মোট | ১৮১৩,৫১,৯৫ | ১৮১৩,২১,৫৫ |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

খ) <u>সংশোধিত অনুন্নয়ন ব্যয়ঃ</u>

সচিবালয় অংশে ২০১৪-১৫ অর্থবছরের অনুন্নয়নখাতে মূল বাজেটের সমপরিমান ১২৯ কোটি ৩১ লক্ষ টাকা সংশোধিত বাজেটে ব্যয় প্রস্তাব করা হয়েছে। তবে বিভিন্ন খাতে বাস্তব প্রয়োজন অনুযায়ী হ্রাস বৃদ্ধি করা হয়েছে। হিসাব রক্ষণ কর্মকর্তা জানান যে নব নিয়োগের কারণে ৪৭৫৫-টিফিন ভাতা ও ৪৭৬৫-যাতায়াত ভাতা; বেতন বৃদ্ধি পাওয়ায় ৪৮০৫- ওভার টাইম, সিলিং বৃদ্ধি করায় ৪৮১৬ -টেলিফোন এবং বর্তমান বছরে T&OE অনুযায়ী আরও কম্পিউটার ক্রয় করার জন্য ৬৮১৫ -কম্পিউটার ও যন্ত্রাংশ খাতে ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। এছাড়া বাস্তব প্রয়োজনের নিরিখে ৪৮২৭- মুদ্রণ ও বাধাঁই, ৪৮৩১-বইপত্র ও সাময়িকী, ৪৮৪০- প্রশিক্ষণ ব্যয়, ৪৮৪২- সেমিনার ওকনফারেন্স, ৪৮৪৫-আপ্যায়ন ব্যয়, ৪৮৭৭ -গাড়ী রক্ষণাবেক্ষণ ব্যয়, ৪৮৮৩- সম্মানী ভাতা, ৬৮১৩- যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম এবং সরকারী কর্মচারীর ঋণ ও অগ্রিম খাতে ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়। সভায় ব্যয় হ্রাস/বৃদ্ধির প্রস্তাব পর্যালোচনা করা হয়।

প্রধান প্রকৌশলী (সওজ) সভায় জানান যে মূল বাজেটে অনুন্নয়ন খাতে ১৮৭৯ কোটি ৬৯ লক্ষ টাকার বিপরীতে সংশোধিতি বাজেটে ২১২৯ কোটি ৬ লক্ষ ২২ হাজার টাকা সংশোধিত ব্যয় প্রস্তাব করা হয়েছে। তিনি জানান যে ৪৯৩৬-সড়ক, সেতু ও মহাসড়ক রক্ষণাবেক্ষণ খাতে ২৪২ কোটি ৩৭ লক্ষ ৩৫ হাজার টাকা বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। তন্মধ্যে রক্ষণাবেক্ষণ খাতে বকেয়া পরিশোধের জন্য ইতিপূর্বে অর্থ বিভাগ হতে প্রতিশ্রুত ১২৯ কোটি ২৫ লক্ষ ৭৫ হাজার টাকা অতিরিক্ত ধরা হয়েছে। মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক বিভিন্ন মামলার ক্ষতিপূরণ বাবদ পরিশোধের প্রয়োজনীয় অর্থ এবং সিলেট মাহনগরীর ১৩.৭০ কিলোমিটার, বনানী–টঙ্গী-জয়দেবপুর মহাসড়কের ১২.৫০কিলোমিটার এবং জয়দেবপুর-দেবগ্রাম-ভূলতা-নয়াপুর বাজার-মদনপুর (ঢাকা বাইপাস) মহাসড়কের ১২.৫০ কিলোমিটার সড়ক টেকসই, মেরামত, সংস্কার কাজের জন্য মোট ৪২.৫৩ কোটি টাকা এখাতে অন্তর্ভূক্ত করা হয়েছে। এতদব্যতীত বাস্তব প্রয়োজন অনুযায়ী ৪৮০১- ভ্রমণ ব্যয়, ৪৮৫১ -শ্রমিক মজুরী, ৪৮৯৩- হায়ারিং চার্জ, ৪৮৯৯-অন্যান্য ব্যয়, ৪৯০১-মোটর যান, ৪৯১১-কম্পিউটার ও অফিস সরঞ্জাম, ৪৯৩২-ইঞ্জিনিয়ারিং যন্ত্রপাতি, ৬৮১৩-যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম, ৬৮৬৯-অফিস সরঞ্জাম, ৪৯১৬-যন্ত্রপাতি ও সরঞ্জাম এবং ৭০১৬- অন্যান্য ভবন ও অবকাঠামো খাতে ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। ব্যয় বৃদ্ধির যৌক্তিকতাসমূহ সভায় আলোচনা করা হয়।

বিআরটিএ'র পরিচালক (প্রশাসন) সভায় জানান যে ২০১৪-১৫ অর্থবছরের মূল বাজেটে অনুন্নয়ন খাতে ২৩৫ কোটি টাকার বিপরীতে সংশোধিত বাজেটে ৬২ কোটি টাকা হ্রাস করে ১৭৩ কোটি টাকার সংশোধিত অনুন্নয়ন ব্যয় প্রস্তাব করা হয়েছে। তিনি জানান যে রেট্রোরিফ্লেক্টিব নাম্বার প্লেটের প্রয়োজনীয় চাহিদা না থাকায় ৪৮৫৪ -ব্যবহার্য দ্রব্যাদি ক্রয় খাতে ৫৫ কোটি ৪০ লক্ষ টাকা, ৬৮১৫- কম্পিউটার ও যন্ত্রাংশ খাতে ৬ কোটি এবং ৪৮২৮- স্টেশনারী, সীল ও স্ট্যাম্প খাতে ৩ কোটি ১৮ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয় হ্রাসের প্রস্তাব করা হয়েছে। এছাড়া বেশিরভাগ খাতে মূল ব্যয় অপরিবর্তিত রেখে সংশোধিত প্রস্তাব পেশ করা হয়েছে।

ডিটিসিএ'র পরিচালক (প্রশাসন) জানান যে ২০১৪-১৫ সংশোধিত অনুন্নয়ন বাজেটে মূল বাজেটের বরাদ্দকৃত ৬ কোটি টাকার বিপরীতে ৭৯ লক্ষ ১০ হাজার টাকা হ্রাস করে ৫ কোটি ২০ লক্ষ ১০ হাজার টাকার সংশোধিত অনুন্নয়ন ব্যয় প্রস্তাব পেশ করা হয়েছে। বাস্তব প্রয়োজনের নিরীখে ৪৮৭৪- কনসালটেন্সী ও ৪৯১৬- যন্ত্রপাতি ও সরঞ্জাম খাতে ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

এছাড়া অনুন্নয়ন কর্মসূচী খাতে মূল বাজেটের বরাদ্দকৃত ৬ কোটি ৫০ লক্ষ টাকার কর্মসূচিটি বাস্তবায়ন সম্ভব হচ্ছেনা বিধায় কর্মসূচী চলমান রাখার জন্য ১০ লক্ষ টাকা সংশোধিত ব্যয় প্রস্তাব করা হয়।

<u>সিদ্ধান্তঃ</u>

উপরোক্ত অনুন্নয়ন ব্যয় সংক্রান্ত প্রস্তাবসমূহ পর্যালোচনান্তে তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং এ বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর/সংস্থা/কর্তৃপক্ষের অনুকূলে নিম্নোক্তভাবে সংশোধিত অনুন্নয়ন ব্যয় অনুমোদন করা হয়।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

সংশোধিত অনুন্নয়ন ব্যয় ২০১৪-১৫

(অংকসমূহ হাজার টাকায়)

| ক্রমিক নং | অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা | বাজেট ২০১৪-১৫ | সংশোধিত বাজেট ২০১৪-১৫ |
|---|---|---|---|
| ০১। | সচিবালয় | ১২৯,৩১,০০ | ১২৯,৩১,০০ |
| ০২। | সড়ক ও জনপথ অধিদপ্তর | ১৮৭৯,৬৯,০০ | ২১২৯,০৬,২২ |
| ০৩। | বিআরটিএ | ২৩৫,০০,০০ | ১৭৩,০০,০০ |
| ০৪। | ডিটিসিএ | ৬০০,০০ | ৫২০,১০ |
| ০৫। | আন্তর্জাতিক চাঁদা | ৩০০ | ৩০০ |
| ০৬। | অনুন্নয়ন কর্মসূচী | ৬৫০০০ | ১০,০০,০০ |
| ০৫। | মোট | ২২৫৬,৫৩,০০ | ২৪৪৬,৬০,৩২ |

**বিবিধঃ**

বিআরটিএ'র পরিচালক (প্রশাসন) জানান যে প্রত্যাশা অনুযায়ী মোটর যান রেট্রোরিফ্লেক্টিভ নাম্বর প্লেট সংযোজনের চাহিদা না থাকায় লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় সম্ভব হচ্ছে না। সভাপতি বলেন যে রেট্রোরিফ্লেকটিভ নাম্বার প্লেট সংযোজন ছাড়া কোনক্রমে মোটরযানের ফিটনেস সনদ প্রদান করা সমীচীন হবেনা।

**সিদ্ধান্তঃ**

মোটরযানে রেট্রোরিফ্লেক্টিভ নাম্বার সংযোজন ছাড়া ফিটনেস প্রদান না করার জন্য চেয়ারম্যান বিআরটিএ'কে নির্দেশ প্রদান করা হলো।

আলোচ্য সূচীতে আর কোন বিষয় অর্ন্তভূক্ত না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
০৬-০১-২০১৫
(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নং-৩৫.০০.০০০০.০৪৭.২০.০২৩.১৪ (অংশ)-০২

তারিখঃ ০৭ জানুয়ারি ২০১৫ / ২৪ পৌষ ১৪২১

বিতরণঃ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, আইএমইডি, শেরেবাংলানগর, ঢাকা
০২। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা
০৩। সদস্য, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা
০৪। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
০৬। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৭। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
০৮। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
০৯। যুগ্মসচিব (বাজেট/উন্নয়ন)/যুগ্ম প্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১০। যুগ্মসচিব (বাজেট-৫), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
১১। উপসচিব, বাজেট শাখা-১৬ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
১২। উপসচিব (রক্ষণাবেক্ষণ), সড়ক পরিহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা

৭/১/২০১৫
(অপূর্ব কুমার মন্ডল)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১২২২৯
ই-মেইল : sasbudget@rthd.gov.bd

অনুলিপিঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০২। অফিস কপি।

D:\badget new letter\BMC সভার কার্যবিবরনী.doc